

## নেপালের নাগরিক রত্না দেবী ফিরে যাচ্ছে নিজ দেশে



মানুষের জন্য ফাউন্ডেশন, সমাজ সেবা অধিদপ্তর এর ৮ টি সেফ হোমে “**Ensure Effective Quality and Sustainable Services for Existing Safe Home**” প্রকল্প বাস্তবায়নের কাজ করছে। বরিশাল সেফহোমে স্পিড ট্রাস্ট নামক বরিশালস্থ একটি প্রতিষ্ঠান কাজ করছে।

মহিলা, শিশু কিশোরী ও হেফাজতিদের নিরাপদ আবাসন কেন্দ্র, বরিশাল সেফহোমে ১লা জানুয়ারি ২০১৪ তারিখ থেকে রত্না দেবী চৌধুরী (৩৭) অবস্থান করছে। ভোলার তদন্ত কেন্দ্রের সাধারণ ডাইরি নং ৫৬৩ অনুসারে ভোলা আদালত তাকে বরিশাল সেফহোমে প্রেরণ করে। মানুষের জন্য ফাউন্ডেশনের সহযোগিতায় “**Ensure Effective Quality and Sustainable Services for Existing Safe Home**” প্রকল্পের আওতায় স্পিড ট্রাস্ট নামক বরিশালস্থ একটি প্রতিষ্ঠান নেপালের বেসরকারি মানবাধিকার সংস্থা “**মাইতি নেপাল**” এর সাথে যোগাযোগ করে এবং নেপালে তার প্রকৃত ঠিকানা খুঁজে বের করে। রত্না দেবী চৌধুরীর বিষয়টি কোর্টে উপস্থাপন করলে ১১ ই আগস্ট ২০১৪ ভোলা সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের আদালত রত্না দেবীকে নেপাল দূতাবাসের মাধ্যমে তার দেশে পাঠানোর ব্যবস্থা করার জন্য তাকে জামিনে মুক্তি প্রদান করেন। মানুষের জন্য ফাউন্ডেশন, নেপাল দূতাবাসের সাথে যোগাযোগ করে বিষয়টি তাদেরকে অবহিত করলে দূতাবাস রত্নাকে দেশে পাঠানোর বিষয়ে সম্মতি প্রদান করে।

আজ ১৬.১০.২০১৪ তারিখে আগারগাও সমাজ সেবা অধিদপ্তর, ঢাকা থেকে রত্না দেবী চৌধুরীকে নেপাল দূতাবাস কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।